

29<sup>th</sup> January, 2013

# হাঁটু প্রতিস্থাপনে কলকাতায় এল নতুন মেশিন 'অর্থো-পাইলট'

নিজস্ব প্রতিনিধি— বয়স বাড়লে হাঁটুর যন্ত্রণায় কাতর হয়ে পড়েন অনেকেই। স্বাভাবিকভাবে হাঁটাচলা, কাজকর্ম সব কিছুতেই আসে হাজার বাধা। নানারকম শরীরচর্চা, ওষুধপত্র ইত্যাদি এই হাঁটুর যন্ত্রণা থেকে সাময়িক অব্যাহতি দিলেও হাঁটু প্রতিস্থাপনই যন্ত্রণামুক্তির একমাত্র উপায় বলেই অভিমত চিকিৎসকদের। এবার কলকাতায় হাঁটু প্রতিস্থাপনের জন্য এক অত্যাধুনিক প্রযুক্তির মেশিন চালু হল। সোমবার কলকাতার একটি নামী নার্সিংহোমে এক অনুষ্ঠানে এই মেশিনটির উদ্বোধন করা হয়। এদিনই নার্সিংহোমে ৬৩ বছরের এক বৃদ্ধার হাঁটু প্রতিস্থাপন করা হয় ওই নতুন মেশিনের মাধ্যমে। নতুন এই মেশিনের নাম 'অর্থো-পাইলট'।

এদিন হাঁটু প্রতিস্থাপনের অস্ত্রোপচারটি করেন 'এইম্‌স'-এর বিশিষ্ট চিকিৎসক ডাঃ কৃষ্ণ কিরণ ও ওই নার্সিংহোমের চিকিৎসক ডাঃ সন্তোষ কুমার। ডাঃ সন্তোষ কুমার জানান, মেশিনটির বৈশিষ্ট্য হল, হাঁটু প্রতিস্থাপনের সময় পুরো অস্ত্রোপচারের ছবি ভেসে উঠবে কম্পিউটারের পর্দায়। কৃত্রিম হাঁটু বসানোর সময় কোনওরকম অসঙ্গতি হলেই তা ধরা পড়বে কম্পিউটারের সিগন্যালে। সচেতন হতে পারবেন চিকিৎসকরা। ফলে অস্ত্রোপচার সফল হওয়ার সম্ভাবনা থাকবে ১০০ শতাংশ। ইউরোপে গত ১৫ বছর ধরে এই 'অর্থোপাইলট' বেশ জনপ্রিয়। এবার কলকাতাতেও এই মেশিন সাড়া ফেলবে বলে দাবি চিকিৎসকদের। নার্সিংহোমের সিইও প্রদীপ ট্যান্ডন জানান, 'দেড় কোটি টাকা খরচ করে মেশিনটি আনা হয়েছে। এই মেশিনটি দিয়ে হাঁটু প্রতিস্থাপনের জন্য খরচ পড়বে প্রায় ১ লাখ ৯০ হাজার টাকা।' এই নতুন প্রযুক্তি ব্যবহার করে হাঁটু প্রতিস্থাপন করলে ১০ থেকে ১৫ বছর পর্যন্ত আর হাঁটুর কোনও সমস্যা হবে না বলেই দাবি করেন চিকিৎসকরা।